# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**22-04-2026** **Time: 1.30 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ পশ্চিমবঙ্গ বিধানসভার প্রথম দফা এবং তামিলনাড়ুতে একদফা বিধানসভা নির্বাচনে আগামীকাল ভোট গ্রহণ। ইতমধ্যেই ভোট গ্রহণ কেন্দ্রগুলিতে রওনা হয়েছেন ভোট কর্মীরা।

২/ রাজ্যে দ্বিতীয় দফার জন্য প্রচারাভিযান তুঙ্গে। এই দফায় সাত জেলার ১৪২ টি আসনে আগামী ২৯শে এপ্রিল ভোট গ্রহণ।

৩/ জম্মু কাশ্মীরের পহেলগাঁও-এর বৈসরন ভ্যালিতে সন্ত্রাসবাদী হামলার আজ প্রথম বর্ষপূর্তি।

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশ কখনোই সন্ত্রাসের কাছে মাথা নত করবে না।

৪/ ২০০৬-এর মালেগাঁও বিস্ফোরণ মামলায় অভিযুক্ত চারজনকে বম্বে হাইকোর্ট, সমস্ত অভিযোগ থেকে অব্যাহতি দিয়েছে।

৫/ ইরানের সঙ্গে চলতি সংঘাত অবসানের লক্ষ্যে আলোচনা চালিয়ে যাওয়ার জন্য সংঘর্ষ বিরতির মেয়াদ, অনির্দিষ্টকালের জন্য বৃদ্ধি করা হয়েছে।

৬/ IPL ক্রিকেটে লক্ষনৌ সুপার জায়ান্টস আজ রাজস্থান রয়্যালসের মুখোমুখি হবে।

---

হরমুজ প্রণালী পুনরায় চালু করার পরিকল্পনা প্রণয়নে ব্রিটেন ও ফ্রান্স এর মধ্যে আলোচনা আজ লন্ডনে শুরু হচ্ছে। ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার এবং ফরাসী প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রর মধ্যে আয়োজিত প্যারিস শীর্ষ সম্মেলনের পরে এই সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এই আলোচনায় 30 টিরও বেশি দেশের সামরিক পরিকল্পনাকারীরা মিলিত হবেন। ব্রিটেনের প্রতিরক্ষামন্ত্রী জন হিলি বলেছেন,এই আলোচনার লক্ষ্য হরমুজ প্রণালীতে নৌচলাচলের স্বাধীনতা বজায় রাখা এবং স্থায়ী যুদ্ধবিরতি কে সমর্থন জানানো।

---

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের প্রথম দফা এবং তামিলনাড়ুতে এক দফার বিধানসভা নির্বাচনে আগামীকাল ভোটগ্রহণ।

পশ্চিমবঙ্গে ১৬ টি জেলার ১৫২ টি আসনে এক হাজার ৪৭৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন তিন কোটি ৬০ লক্ষ ৭৭ হাজারের বেশী ভোটার। তবে, অ্যাপিলেট ট্রাইবুনালে আবেদনকারীদের নামে ছাড়পত্র মেলার পর ভোটার তালিকায় পরিবর্তন হতে পারে।

গতকাল গভীর রাত পর্যন্ত অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাজকর্ম চলেছে। আজ কতজন ভোটার অন্তর্ভুক্ত হলেন, সে সম্পর্কে ধারণা মিলতে পারে বলে মনে করা হচ্ছে।

এদিকে, আজ সকাল থেকেই ভোট কর্মীরা, নির্বাচনী কেন্দ্রের উদ্দেশে রওনা হচ্ছেন। উত্তরবঙ্গের পাহাড়ি এলাকায় থাকা যেসব কেন্দ্রে মোবাইল নেটওয়ার্ক পাওয়া যায়না, সেখানে স্যাটেলাইট ফোনের ব্যবস্থা করেছে নির্বাচন কমিশন।

মুর্শিদাবাদে ভোট দেওয়ার জন্য ভিন রাজ্য থেকে ট্রেনে করে ফিরছেন পরিযায়ী শ্রমিকরা।

-----------------

তামিলনাডু বিধানসভা নির্বাচন এবং পশ্চিমবঙ্গে প্রথম দফা ভোটগ্রহণ করা হবে আগামীকাল।

তামিলনাডুতে ২৩৪টি আসনে ৫ কোটি ৭৩ লক্ষের বেশি ভোটার তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন। এজন্য প্রস্তুতি প্রায় শেষের দিকে। সকাল ৭টায় শুরু হবে ভোটগ্রহণ। ভোটের হার বাড়াতে নির্বাচন কমিশনের পক্ষ থেকে সচেতনতামূলক বার্তা দেওয়া হচ্ছে।

এদিকে, মহারাষ্ট্রে বারামতি ও রাহুড়ি এবং গুজরাটের উমরেত বিধানসভা আসনের উপনির্বাচনেও আগামীকাল ভোট নেওয়া হবে। এজন্য প্রচারাভিযান গত সন্ধ্যায় শেষ হয়েছে।

-----------------

পশ্চিমবঙ্গে দ্বিতীয় দফায় সাতটি জেলার ১৪২ টি আসনে আগামী ২৯শে এপ্রিল ভোট নেওয়া হবে। সেজন্য তৎপরতা তুঙ্গে। জোরকদমে চলছে এই দফার প্রচারাভিযান।

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ দলীয় কর্মীদের সমর্থনে বিভিন্ন প্রচার কর্মসূচিতে অংশ নিচ্ছেন। আজ তিনি উত্তর ২৪ পরগনার দমদম ও হাবরা এবং হুগলির সপ্তগ্রামে জনসভা করবেন। এরপর বিকেলে দক্ষিণ ২৪ পরগণার সোনারপুরে দলীয় প্রার্থীর সমর্থনে রোড শোয়ে অংশ নেবেন তিনি। এদিকে অপর বিজেপি নেতা ও উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ নির্বাচনী প্রচারে আজ রাজ্যে এসেছেন। সকালে কলকাতায় পৌঁছে তিনি প্রথমে জোড়াসাঁকো এরপর নদীয়ার চাকদা এবং হাওড়ার উদয়নারায়নপুরে জনসভা করবেন। অন্যদিকে বিজেপি নেতা ও আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা পূর্ব বর্ধমানের কালনা ও দুপুরে উত্তর ২৪ পরগণার বনগাঁ-দক্ষিণ কেন্দ্রে জনসভা করবেন। বিকেলে বর্ধমানে রোড শো-এ অংশ নেবেন তিনি।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, আজ উত্তর ২৪ পরগণায় একাধিক জনসভায় অংশ নেবেন। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়, দুই ২৪ পরগণায় বিভিন্ন কর্মসূচীতে অংশ নেবেন।

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, আজ মহেশতলায় একটি রোড শো করবেন। বরানগরে জনসভায় যোগ দেবেন দলের প্রবীন নেত্রী বৃন্দা কারাত।

ISF এবং কংগ্রেস সহ অন্য রাজনৈতিক দলের পক্ষেও প্রচার চালানো হচ্ছে।

এদিকে, লোকসভায় বিরোধী দলনেতা, কংগ্রেসের রাহুল গান্ধীকে প্রশাসন শ্রীরামপুর ও মেটিয়াবুরুজে জনসভা করার অনুমতি দেয়নি বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার অভিযোগ করেছেন। এরাজ্যে শ্রী গান্ধীর সভাগুলিতে জনতার উপস্থিতি দেখে প্রশাসন ভয় পেয়েছে বলে গতকাল মন্তব্য করেন তিনি।

-----------------

প্রথম দফার ভোটকে ঘিরে শুধুমাত্র এলাকাতেই নয়, ভোট গ্রহণ কেন্দ্রগুলিতেও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে নির্বাচন কমিশন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, ভোট কর্মীএবং কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা বুথে পৌছে যাওয়ার সঙ্গে সঙ্গে প্রতিটি ব্যক্তি নির্দিষ্ট পরিচয়পত্র দেখিয়েই সেখানে প্রবেশ করতে পারবেন।

------------------

বিজেপির একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সম্পর্কে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের করা কথিত অবমাননাকর মন্তব্যের প্রতিবাদে আজ নির্বাচন কমিশনের সঙ্গে দেখা করে। প্রতিনিধি দলে ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী নির্মলা সীতারামন, কিরেণ রিজিজু, অর্জুন রাম মেঘওয়াল এবং বিজেপি নেতা অরুণ সিং। তাঁরা কংগ্রেস সভাপতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার পাশাপাশি তাঁকে দেশবাসীর কাছে ক্ষমা চাওয়ার দাবি জানিয়েছেন। বৈঠকের পর কেন্দ্রীয় মন্ত্রী কিরেণ রিজিজু সংবাদমাধ্যমকে জানান, কোনো রাজনৈতিক দল যদি এই ধরনের কুরুচিকর ভাষা ব্যবহার করে, তবে তা গণতন্ত্রের জন্য অত্যন্ত অপমানজনক।

অন্যদিকে, কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেন, খোদ কংগ্রেস সভাপতির মতো দায়িত্বশীল পদের একজন ব্যক্তির মুখে এই ধরনের অপশব্দ মানায় না। এই বিষয়ে কমিশনকে কঠোর হওয়ার অনুরোধ জানিয়েছে বিজেপি নেতৃত্ব।

------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'গণতন্ত্রের বৃহত্তম উৎসব'। নির্বাচন কমিশনের বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত এবং অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগীর সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

------------------

বৈদিক মন্ত্রোচ্চারণ এবং ঐতিহ্যবাহী ধর্মীয় রীতিনীতির মধ্যে দিয়েই আজ সকালে কেদারনাথ ধামের দরজা ভক্তদের জন্য খুলে গেছে। উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগ জেলায় অবস্থিত এই মন্দিরে ইতিমধ্যেই ভিড় জমিয়েছেন দেশ-বিদেশ থেকে আসা অসংখ্য পূর্ণার্থী। হরহর মহাদেব এবং জয় শিব শংকর মন্ত্র ধ্বনিত হচ্ছে কেদারনাথের সমগ্র উপত্যকায়। দর্শনার্থীদের সুবিধার্থে একাধিক বন্দোবস্ত নিয়েছে রুদ্রপ্রয়াগ জেলা প্রশাসন। মন্দির কর্তৃপক্ষও গোটা ব্যবস্থা সুষ্ঠু রাখতে তৎপর। এদিকে বদ্রীনাথ ধাম আগামীকাল খুলে যাবে। ১৯ এপ্রিল খুলবে গঙ্গোত্রী ও যমুনার্থী ধাম।

------------------

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, সময়ের সঙ্গে সঙ্গে ভারত ও জার্মানির সম্পর্ক ধী রে ধীরে শক্তিশালী হয়েছে। জার্মানির বার্লিনে, প্রবাসী ভারতীয়দের উদ্দেশে ভাষণে তিনি ব লেন, ভারত ও জার্মানির মধ্যেকেবল রাজনৈতিক ও কৌশলগত সম্পর্কই নেই, শিল্প ও সং স্কৃতির আদান প্রদান ও রয়েছে।

তিনি আরও বলেন যে এই বছর, গণতান্ত্রিক মূল্যবোধের উপর ভিত্তি করে দুই দেশে র মধ্যে আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক 75 বছর পূর্ণ করেছে। জার্মানি ইউরোপে ভারতের বৃ হত্তম বাণিজ্য অংশীদার, ভারতে 2 হাজারেরও বেশি জার্মান সংস্থা সক্রিয় বলে তিনি উল্লেখ করেন। সেদেশে বসবাসকারী সাড়ে ৩ লক্ষের ও বেশি প্রবাসী ভারতীয়ের অবদানের কথা তুলে ধরেন। তিনি সেখানে হামবল্ট বিশ্ববিদ্যালয়ে বিশ্বকবি রবীন্দ্রনাথের মুর্তিতে পুস্পার্ঘ্য প্রদান করে শ্রদ্ধা জানান।

-----------------

জম্মু কাশ্মীরে পহেলগাঁও এর বৈসারনভ্যালিতে সন্ত্রাসবাদী হামলার আজ প্রথম বর্ষপূর্তি। গতবছর এই দিনেই পহেলগাঁও-এ এক স্থানীয় বাসিন্দা এবং ২৫ জন পর্যটককে হত্যা করে সন্ত্রাসবাদীরা। নারকীয় এই ঘটনা, সমগ্র দেশকে কাঁপিয়ে দেয়। বিশ্বের বিভিন্ন প্রান্তের সরকার এবং আন্তর্জাতিক নেতৃবৃন্দের পক্ষ থেকে পাঠানো হয় শোকবার্তা। ভারতীয় সেনা, সমাজ মাধ্যমে ঘটনার ষড়যন্ত্রকারীদের কড়া বার্তা দিয়ে জানায়, মানবিকতার সীমা লঙ্ঘিত হলে তার জবাব'ও হবে অত্যন্ত সুনির্দিষ্ট।

-----------------

পহেলগাম জঙ্গি হামলার প্রথম বার্ষিকীতে আজ নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় বলেন, সেই জঘন্য হামলায় নিরীহ মানুষের প্রাণ হারানোর ভয়াভ ঘটনা দেশবাসীর স্মৃতিতে আজও অমলিন। যে কোনো মূল্যে সন্ত্রাসবাদকে পরাজিত করতে ভারত সংকল্পবদ্ধ।

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন তাঁর বার্তায় বলেন, এ ধরনের কাপুরুষোচিত আক্রমণ ভারতের শান্তি ও সংহতির সংকল্পকে টলাতে পারবে না।

-----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশ কখনও কোনও সন্ত্রাসের কাছে মাথা নত করবে না। সন্ত্রাসবাদীদের চক্রান্ত কখনও সফল হবে না। জম্মু-কাশ্মীরের পাহেলগামে সন্ত্রাসবাদী হামলার বর্ষপূর্তিতে আজ মৃতদের স্মরণ করে প্রধানমন্ত্রী বলেছেন, যারা ওই হামলার শিকার হয়েছেন, দেশ কখনও তাঁদের ভুলবে না। সমাজ মাধ্যমে এক পোস্টে আজ প্রধানমন্ত্রী লিখেছেন, দেশ শোক ও সংকল্পে ঐক্যবদ্ধ রয়েছে।

পাহেলগামের ঘটনায় মৃতদের স্মরণ করেছেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। তিনি বলেছেন, ভারত দশকের পর দশক ধরে সন্ত্রাসের শিকার হলেও বর্তমানে এর কড়া জবাব দেওয়া হচ্ছে।

পাহালগামে সংঘটিত কাপুরুষোচিত সন্ত্রাসবাদী হামলার শিকার ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে শ্রী সিং এদিন বলেন, দেশ তাঁদের প্রিয়জন ও পরিবারের সদস্যদের বেদনার অংশীদার। সমাজ মাধ্যমে এক পোস্টে প্রতিরক্ষামন্ত্রী বলেছেন, দেশের ওপর চাপিয়ে দেওয়া ক্ষত দেশ কখনোই ভুলবে না।

------------------

বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর জোর দিয়ে বলেছেন, ভারত যে কোনও ধরণের সন্ত্রাসবাদ মোকাবিলায় দৃঢ় সংকল্পবদ্ধ। সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে ডঃ জয়শঙ্কর গত বছর এই দিনে ঘটে যাওয়া কাপুরুষোচিত পহেলগাম জঙ্গি হামলায় নিহতদের স্মরণ করতে দেশের প্রতিটি নাগরিককে আহ্বান জানিয়েছেন।

জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা পহেলগাঁও হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ার এক পোস্টে তিনি জানান, সরকার সন্ত্রাসবাদ ও হিংসার বিরুদ্ধে লড়াইয়ে বদ্ধপরিকর।

------------------

২০০৬ সালের মালেগাঁও বিস্ফোরণ মামলায় অভিযুক্ত চারজনকে বম্বে হাইকোর্ট সমস্ত অভিযোগ থেকে অব্যাহতি দিয়েছে। একইসঙ্গে নিম্ন আদালতের চার্জ গঠনের নির্দেশকেও খারিজ করে দিয়েছে হাইকোর্ট। হাইকোর্টের প্রধান বিচারপতি শ্রী চন্দ্রশেখর এবং বিচারপতি শ্যাম চন্দকের ডিভিশন বেঞ্চ আজ এই গুরুত্বপূর্ণ রায় দেয়। অভিযুক্ত রাজেন্দ্র চৌধুরী, ধন সিং, মনোহর রাম সিং নরওয়ারিয়া এবং লোকেশ শর্মা, বিশেষ আদালতের চার্জ গঠনের বিরুদ্ধে হাইকোর্টে আবেদন জানিয়েছিলেন। তাঁদের বিরুদ্ধে

ভারতীয় দণ্ডবিধির হত্যা ও অপরাধমূলক ষড়যন্ত্র সহ কঠোর ইউএপিএ আইনে মামলা রুজু করা হয়েছিল। তবে হাইকোর্ট আজ তাঁদের সেই সমস্ত অভিযোগ থেকে অব্যাহতি দিয়ে মুক্তি দেওয়ার নির্দেশ দিয়েছে। উল্লেখ্য, ২০০৬ সালের ৮ই সেপ্টেম্বর মালেগাঁওয়ের এক কবরস্থানের কাছে ভয়াবহ বিস্ফোরণে ৩৭ জনের মৃত্যু হয়েছিল এবং আহত হয়েছিলেন শতাধিক মানুষ।

------------------

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরাণের সঙ্গে চলতি সংঘাত অবসানের লক্ষ্যে আলোচনা চালিয়ে যাওয়ার জন্য সংঘর্ষ বিরতির মেয়াদ অনির্দিষ্টকালের জন্য বৃদ্ধি করা হয়েছে। দু সপ্তাহের যুদ্ধ বিরতির সময়সীমা আজ সকালে শেষ হয়েছে। ট্রুথ সোশ্যালে ট্রাম্প বলেছেন, পাকিস্তানের অনুরোধেই তাঁর এই পদক্ষেপ। যদিও তেহেরান সুসমন্বিত প্রস্তাব না দিলে ইরাণের বন্দর এবং সমূদ্র সৈকতগুলিতে তাদের অবরোধ অব্যাহত থাকবে বলে ট্রাম্প জানিয়েছেন।

এদিকে, ইরানের পক্ষ থেকে অবশ্য কোনো বক্তব্য জানা যায়নি। তবে ইরানের সেনা সমর্থিত তানসিম সংবাদ সংস্থা জানিয়েছে সংঘর্ষ বিরতির সময়সীমা বৃদ্ধির বিষয়ে সেদেশের পক্ষ থেকে কোনো অনুরোধ জানানো হয়নি।

এর আগে, তেহেরানে দ্বিতীয় দফার আলোচনার জন্য উপরাষ্ট্রপতি জে ডি ভ্যান্সের সফর হোয়াইট হাউস স্থগিত করে দিয়েছে।

------------------

রাষ্ট্রসংঘের পরবর্তী মহাসচিব পদের অন্যতম দাবিদার মিশেল ব্যাচেলেট নিরাপত্তা পরিষদের আশু সংস্কারের আহ্বান জানিয়েছেন। তিনি পরিষদের স্থায়ী ও অস্থায়ী উভয় বিভাগেই সদস্য সংখ্যা বাড়ানোর ওপর জোর দিয়েছেন। ভারতের মতো দেশগুলির স্থায়ী

সদস্য পদের দাবিকেও সমর্থন জানিয়েছেন তিনি। উল্লেখ্য, বর্তমান মহাসচিব আন্তোনিও গুতেরেসের মেয়াদ আগামী ৩১শে ডিসেম্বর শেষ হতে চলেছে। তাঁর উত্তরসূরি হওয়ার দৌড়ে থাকা চারজন প্রার্থীর মধ্যে অন্যতম চিলির প্রাক্তন রাষ্ট্রপতি মিশেল ব্যাচেলেট।

গতকাল এক বিবৃতিতে তিনি বলেন, ১৫ সদস্যের বর্তমান নিরাপত্তা পরিষদ এখন সেকেলে এবং পঙ্গু হয়ে পড়েছে। তারা বর্তমান বিশ্বের ভূ-রাজনৈতিক বাস্তবতাকেও তুলে ধরতে ব্যর্থ।

ব্যাচেলেট ছাড়াও এই পদের অন্য প্রার্থীরা হলেন রেবেকা গ্রিনস্প্যান, রাফায়েল গ্রোসি এবং ম্যাকি সাল।

-----------------

আজ 'বিশ্ব বসুন্ধরা দিবস' বা ওয়ার্ল্ড আর্থ ডে। এই বিশেষ দিনে ধরিত্রীকে রক্ষা করার অঙ্গীকার নিয়ে দিল্লিতে আকাশবাণী ভবনে এক শপথগ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। আকাশবাণীর সংবাদ সেবা বিভাগের মশানির্দেশক ধীরাজ এম কাকাডিয়া আধিকারিক ও কর্মচারীদের শপথবাক্য পাঠ করান। এবারের অনুষ্ঠানে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে জ্বালানি শক্তির দায়িত্বশীল ব্যবহার, বিশেষ করে বিদ্যুৎ সাশ্রয়ের ওপর।

-----------------

বাংলাদেশের বৈদেশিক ঋণের পরিমাণ ২০২৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত বেড়ে দাঁড়িয়েছে প্রায় ৭ হাজার ৮০০ কোটি মার্কিন ডলারে। দেশের জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী এই তথ্য জানিয়ে ক্রমবর্ধমান ঋণের বোঝা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। অর্থমন্ত্রী জানান, ২০০৮-০৯ অর্থবছর থেকে ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত বাংলাদেশ প্রায় ৮ হাজার ৬০০ কোটি মার্কিন ডলার বৈদেশিক ঋণ গ্রহণ

করেছে। এ পর্যন্ত আসল ও সুদ মিলিয়ে শোধ করা হয়েছে ৩১ বিলিয়ন ডলারের কিছু বেশি। এর ফলে নিট ঋণের পরিমাণ দ্রুত বেড়েছে।

------------------

আইপিএল ক্রিকেট, লক্ষ্ণৌ এর একানা ক্রিকেট স্টেডিয়ামে আজ লক্ষ্ণৌ সুপার জায়ান্টস, রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

------------------ ------------------